ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট নং-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

২৫ মার্চ গণহত্যা দিবস ও ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মীর খায়রুল আলম, প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
তারিখ : ২৮ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ ।। ১২ মার্চ ২০২৪
সময় : বেলা ১১.০০ ঘটিকায়।
স্থান : সভাকক্ষ, ৮ম তলা, নগর ভবন, গুলশান-২, ঢাকা-১২১২।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা - পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভার শুরুতে সভাপতি কর্তৃক সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করা হয়। তিনি মহান মুক্তিযুদ্ধে আত্মদানকারী শহিদ বীর মুক্তিযোদ্ধা, যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাসহ সকল বীর মুক্তিযোদ্ধা এবং তাঁদের পরিবারবর্গের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি সভাকে জানান যে, ২৫ মার্চ এবং ২৬ মার্চ বাঙালি জাতির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ দুটি দিন, ২৫ মার্চ গণহত্যা এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস। সভাপতি পবিত্র রমজানের কথা বিবেচনা করে কেন্দ্রীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৪ এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে কর্মসূচি প্রণয়নের জন্য উপস্থিত সকলের মতামত আহ্বান করেন।

সচিব, ডিএনসিসি, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহন পুল ভবন, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা এর ০৪ মার্চ ২০২৪ তারিখ ৪৮.০০.০০০০.০০১.২৩.০০১.২৪.০৮ সংখ্যক স্মারকের আন্তঃমন্ত্রণালয় প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান।

সভায় বিস্তারিত আলোচনান্তে ২৫ মার্চ গণহত্যা দিবস ও ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে পালনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির আলোকে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের জন্য নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	তারিখ ও সময়	কর্মসূচি/সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	২৫-০৩-২০২৪ (দুপুর ১২.০০ টা থেকে)	ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মিনিপোলগুলোতে স্থানীয় সরকার বিভাগ থেকে Content প্রাপ্তি সাপেক্ষে ২৫ মার্চ ২০২৪ এর ভয়াবহতার চিত্র প্রচার করা হবে।	১. প্রধান রাজস্ব কর্মকর্তা ২. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)।
২.	২৫-০৩-২০২৪ (রাত ১১.০০ - ১১.০১ মিনিট পর্যন্ত)	গণহত্যা দিবস উপলক্ষ্যে সারাদেশে প্রতিকী ব্ল্যাক-আউট ০১ (এক) মিনিটের জন্য (কেপিআই/জরুরি স্থাপনা ব্যতিত) পালন করা হবে। এ বিষয়ে বিদ্যুৎ বিভাগ ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে সমন্বয়পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনকে অনুরোধ করা হয়।	১. প্রধান প্রকৌশলী ২. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)
৩.	২৬-০৩-২০২৪	ক) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ভবন সমূহে জাতীয় পতাকা উত্তোলন (ঐদিন সূর্যোদয়ের সাথে সাথে) করা হবে;	১. সচিব ২. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)

		খ) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নগর ভবনে বৃহদাকারের জাতীয় পতাকা উত্তোলন। (ঐদিন সূর্যোদয়ের সাথে সাথে) করা হবে।	৩. প্রধান ভান্ডার ও ক্রয় কর্মকর্তা ৪. নিরাপত্তা কর্মকর্তা
৪.	২৬-০৩-২০২৪ সন্ধ্যা থেকে	ক) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সকল গুরুত্বপূর্ণ স্থাপনা ও স্থানসমূহে আলোকসজ্জা করা হবে। ডিএনসিসি'র সকল ভবনসমূহ আলোকসজ্জা করা হবে; এবং খ) কোন ক্রমেই ২৫-০৩-২০২৪ তারিখ আলোকসজ্জা করা যাবে না।	১. প্রধান প্রকৌশলী ২. প্রধান রাজস্ব কর্মকর্তা ৩. মহাব্যবস্থাপক (পরিবহন) ৪. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)
৫.	২৬-০৩-২০২৪ (সুবিধা জনক সময়ে)	জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে সকল মসজিদে মোনাজাত এবং মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে সুবিধাজনক সময়ে প্রার্থনার আয়োজন করা হবে।	১. সম্মানিত কাউন্সিলর (সকল) ২. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) ৩. প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা
৬.	২৬-০৩-২০২৪	ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকায় প্রধান প্রধান সড়ক ও সড়কদ্বীপসমূহ জাতীয় পতাকাসহ বিভিন্ন পতাকা দ্বারা সজ্জিতকরণ করা হবে।	১. প্রধান প্রকৌশলী ২. প্রধান রাজস্ব কর্মকর্তা
৭.	২৬-০৩-২০২৪	ক) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন শিশু পার্ক সমূহ শিশুদের জন্য ২৬ মার্চ ২০২৪ বিকেল ৪:০০টা পর্যন্ত উন্মুক্ত রাখতে হবে এবং খ) বিনা টিকেটে প্রবেশ ও রাইডসমূহ ব্যবহারের ব্যবস্থা করতে হবে।	১. প্রধান সম্পত্তি কর্মকর্তা ২. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)
৮.	২৬-০৩-২০২৪	১. জাতীয় স্মৃতিসৌধে মাননীয় মেয়র কর্তৃক পুষ্পস্তবক অর্পণ করা হবে; ২. মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে মাননীয় মেয়র কর্তৃক পুষ্পস্তবক অর্পনের জন্য নির্ধারিত সময় জেনে নিতে হবে; ৩. সমাজকল্যাণ বিভাগ এ উদ্দেশ্যে একটি পুষ্পস্তবক তৈরি করে মেয়র মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা/কর্মচারিদের নিকট নির্ধারিত সময়ের পূর্বে হস্তান্তর করবে; এবং ৪. জাতীয় স্মৃতিসৌধে প্রবেশের জন্য নিরাপত্তা কর্মকর্তা সামাজ কল্যাণ বিভাগের সাথে সমন্বয় করে মাননীয় মেয়র, প্রাধান নির্বাহী কর্মকর্তাসহ অন্যান্য কর্মকর্তা এবং পুষ্পস্তবক বহনকারীদের এসবি পাশ সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	১. মেয়র মহোদয়ের একান্ত সচিব ২. প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা ৩. নিরাপত্তা কর্মকর্তা

৯.	সুবিধা জনক সময়ে	ডিএনসিসি'র নগর ভবন ৬ষ্ঠ তলায় হলরুমে ২৫ মার্চ গণহত্যা দিবস ও ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে আলোচনা সভা আয়োজন করা হবে।	সচিব

সকলের অংশগ্রহণে ২৫ মার্চ গণহত্যা দিবস ও ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদযাপনে সম্পর্কিত সকলের সহযোগিতা কামনা করেন। আর কোন আলোচ্য বিষয় না থাকায়, সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

১৪/০৩/২০২৪
মীর খায়রুল আলম
প্রধান নির্বাহী কর্মকর্তা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

নং: ৪৬.১০.০০০০.০০৬.২৩.১৭৩.১২- ১৯৬

তারিখ: ৩০ ফাল্গুন ১৪৩০ / ১৪ মার্চ ২০২৪

বিতরণ: (পদমর্যাদার ক্রমানুসারে নয়)

১. সম্মানিত কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড নং ..../সংরক্ষিত আসন নং ...., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. বিভাগীয় প্রধান (সকল), ...ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল ....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (পুষ্পস্তবক অর্পনের জন্য দুটি ফুলের তোরার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৬. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (ডিএনসিসি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৭. সভাপতি/সাধারণ সম্পাদক......................................, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৮. অফিস কপি।